মুজিবনগরে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের চেষ্টায় ২ যুবক আটক

মুজিবনগর সীমান্তে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের চেষ্টাকালে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)’র হাতে দুই বাংলাদেশী যুবক আটক হয়েছেন।

আটকরা হলেন, মুজিবনগর উপজেলার সোনাপুর মাঝপাড়া গ্রামের মৃতু আয়ূব হোসেনের ছেলে এনামুল হোসেন (২৫) ও একই গ্রামের জামাল আলীর ছেলে হাবিবুল ইসলাম (২৩)।

গতকাল রবিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৪ এর কাছে বাংলাদেশের ১০ হজ অভ্যন্তরে আনন্দবাস গ্রামের কাকডাঙ্গা মাঠের মধ্যে থেকে তাদের আটক করা হয়।

৬ বিজিবির আনন্দবাস বিওপি’র ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার আলাউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে বিজিবি’র একটি টহল টিম তাদের আটক করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, এঘটনায় রাতেই দুই যুবকের নামে পাসপোর্ট আইনের ১১(গ) ধারায় মামলা দেওয়া হয়েছে।

আজ সোমবার (৭ আগষ্ট) বেলা ১১ টার দিকে আটক দুই যুবককে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী পৌর ছাত্রদলের সাবেক

আহবায়ক গ্রেফতার

গাংনী পৌর ছাত্র দলের সাবেক আহবায়ক রেজওয়ানুল হক ইমনকে (৩০) নাশকতার মামলায় গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

রেজওয়ানুল হক ইমন গাংনী পৌরসভার চৌগাছা গ্রামের জুলফিকার আলীর ছেলে।
গতকাল রবিবার দিবাগত মধ্যরাতে গাংনী থানা পুলিশের একটি টিম তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, রেজওয়ানুল হক ইমনের নামে নাশকতার অভিযোগে গাংনী থানায় একটি মামলা রয়েছে। মামলা নং ৪(৮)২৩।
গ্রেফতারকৃত ইমনকে আজ সোমবার (৭ আগষ্ট) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জমি নিয়ে বিরোধ মেহগনী গাছ কেটে প্রতিশোধ

মেহেরপুরের গাংনী উপজেলার পাকুড়িয়া গ্রামে জমিজমা বিরোধে বোনের লাগানো মেহগনী গাছ ও ধইঞ্চা কেটে তছরুপাতের অভিযোগ উঠেছে আপন ভাইয়ের বিরুদ্ধে ।

গতকাল শনিবার রাতের আধারে ওই গ্রামের শোলমারি মাঠে গাছ কেটে দেয়ার ঘটনা ঘটে ।

বাগান মালিক মর্জিনা খাতুনের অভিযোগ, তার ১৮ কাঠা জমিতে মেহগনী গাছ লাগানো হয়েছিল। পাশাপাশি তার বোন হাদিছন খাতুনের ১৫ কাঠা জমিতে ছিল ধইঞ্চা আবাদ।

গতকাল শনিবার রাতে তার আপন ভাই ও বোনসহ তাদের লোকজন মিলে গাছ ও ধইঞ্চা কেটে তছরুপাত করে। এসময় তারা ১৩টি মেহগনী গাছ কেটে ফেলে

এবং বোনের ১৫ কাটা জমির ধইঞ্চা সম্পূর্ণরুপে তছরুপাত করে। হাদিছন খাতুন অভিযোগে আরও বলেন, আমরা ছয় ভাইবোন মিলে পিতার নামীয় ২৭ কাঠা জমি নিয়ে বিগত ১০ বছর ধরে মামলা পরিচালনা করে আসছি। একাজে যত টাকা খরচ হয়েছে তা আমরা সকল ভাই বোন মিলে ব্যয় করেছি। জমিটি আমাদের পাওয়ার পরে ভাই আবু তালেব, দুই বোন সাদিকা ও রাহিদা মিলে আমার মায়ের কাছে থেকে গোপনে রেজিষ্ট্রি করে নেয়।

এ বিষয়ে আমরা বাকি ভাই বোন যখন জানতে পারি তখন মামলা চলার সময় ১০ বছরে যত টাকা খরচ হয়েছে তা ফেরৎ দাবি করি। কিন্তু তারা টাকা দিতে পারবে না বলে সাফ জানিয়ে দেয়। এ নিয়ে তাদের সাথে আমাদের দ্বন্দ চলে আসছে। এর জের ধরে তারা গাছ ও ধইঞ্চা কেটে তছরুপাত করেছে বলে অীভযোগ করেন হাদিছন নেছা। তিনি আরোও বলেন এর আগেও ভাই আবু তালেব ও দুই বোন সাদিকা ও রাহিদা মিলে দেড় বিঘা জমির মরিচ গাছ কেটে তছরুপাত করেছিল। অনেক জায়গায় অভিযোগ করেও কোনো সমাধান পাইনি।

এদিকে অভিযোগের বিষয়ে অভিযুক্তদের বাড়িতে যাওয়ার পরও তাদের কাউকে বাড়িতে পাওয়া যায়নি। তাই তাদের পক্ষ থেকে কোন বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

মেহেরপুরে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তাঁর সহধর্মিণী ডা.জুবাইদা রহমান এর বিরুদ্ধে দুদকের মামলার রায় কে ফরমায়েশি দাবি করে রায়ের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম।

আজ রবিবার (৬ আগষ্ট) সকাল ১০ টার দিকে বিক্ষোভ মিছিলটি আইনজীবী ভবনের সামনে থেকে শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয় প্রদক্ষিণ করে আইনজীবী ভবনের সামনে এসে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত

হয়।

মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক এড. মারুফ আহাম্মেদ বিজনের নেতৃত্বে এসময় এড. আনোয়ার হোসেন, এড. মোখলেছুর রহমান স্বপন, এড. কামরুজ্জামান, এড. নজরুল ইসলাম, এড. আসাদুল আজম খান খোকন, এড. সাইদুর রহমান টোকন, এড. আবদুল্লাহ আল মামুন অনল, এড. ফরিদ উদ্দিনসহ সংগঠনটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় আইনজীবীরা বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তাঁর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান এর বিরুদ্ধে দুদকের মিথ্যা মামলায় ফরমায়েশি রায় ঘোষণাসহ সারাদেশে আওয়ামী লীগের দুর্নীতি, নির্যাতন ও মিথ্যা মামলা দায়েরের প্রতিবাদ করেন।

অ্যাডভোকেট মারুফ আহাম্মেদ বিজন বলেন, সারাদেশে ৪৫ লাখ আর ঢাকা শহরে ২০ লাখ মামলা বিচারের আশায় ঝুলে আছে। সেসব মামলা নিস্পত্তি হচ্ছেনা। মাত্র ১ মাসে ৪৭ জন স্বাক্ষীর সাক্ষ্য গ্রহণ করে তারেক রহমান ও তার স্ত্রী জুবাইদা রহমানের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে এই ফরমায়েসি রায় দেওয়া হয়েছে।

মারুফ আহাম্মেদ আরও বলেন, ইতোমধ্যে একজন বিচারক এই মামলায় তারেক রহমানকে মামলা থেকে খালাস দেওয়ায় তার জীবনে নেমে এসেছে দূর্বিসহ যন্ত্রণা। ওই বিচারকের বিরুদ্ধে সরকারের পক্ষ থেকে একাধিক মামলা দায়ের করা হয়। অবশেষে তিনি এই দেশ থেকে পালিয়ে গিয়েছেন।

তিনি বলেন, প্রধান বিচারপতি এসকে সিনহা যতদিন আওয়ামীলীগের ফরমায়েসী রায় দিয়েছেন ততদিন আওয়ামীলীগের চোখের মনি ছিলেন। যখন সুষ্ঠ বিচার করতে শুরু করলেন তখন তাকে লাঠি মেরে তাড়ানো হয়েছে। মেয়র তাপসের কথা উল্লেখ করে তিনি বলেন, তাপস বলেছিল আমরা প্রধান বিচারপতিকে সরিয়ে দিয়েছি। এতে প্রমানিত হয় যে, এই সরকারের আমলে সরকার যেটি চাইনা তেমন রায় দেওয়ার ক্ষমতা আদালতের নেই। এই সরকার আদালতকে নানাভাবে আটকিয়ে রাখার চেষ্টা করছে। তিনি বলেন, ভাল ভাল বিচারকদের প্রমোশন না দিয়ে সাধারণ বিচারকদের প্রমোশন দিয়ে তাদের ফরমায়েসি রায় দিয়াচ্ছেন। তারেক রহমানকে মিথ্যা মামলা দিয়ে ফরমায়েশি রায়ের মাধ্যমে তারেক রহমানকে কারাগারে রাখার ষঢ়যন্ত্র করছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১১ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের নিয়মিত ১২ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ১১ আসামি গ্রেফতার হয়েছে।

শনিবার দিবাগত রাতভর জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের বিভিন্ন টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৬ জন, গাংনী থানা পুলিশের অভিযানে ৪ জন ও মুজিবনগর থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করেন।

আজ রবিবার (৬ আগষ্ট) বেলা ১২ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের উদ্যোগে উন্নয়নের ডিজিটাল প্রচারণ ও গ্রাম শান্তি সভা

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের উদ্যোগে উন্নয়নের ডিজিটাল প্রচারণ ও গ্রাম শান্তি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধ্যা ৭ সময় এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ন ১৫ মিনিটের ভিডিও চিত্রের মাধ্যমে তুলে ধরে অনুষ্ঠানের সূচনা হয়।

অনুষ্ঠানে ১ নং কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারন সম্পাদক ওয়াসীম সাজ্জাদ লিখন,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষক লীগের সাধারন সম্পাদক মশিউর রহমান পলাশ, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সাধারন সম্পাদক স্বাধীন আলী। কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সকল ওয়ার্ড সভাপতি ও সাধারন সম্পাদক বৃন্দ।উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের মেম্বার জিনারুল ইসলাম ও ইউনিয়ন কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক, ইউ পি সদস্য আনারুল ইসলাম, বাবলু হোসেন,সাবেক ইউ পি সদস্য হারুনর রশীদ কৃষক লীগ নেতা মিজারুল ইসলাম, মনিরুল ইসলাম, বিশারত আলী ও, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সহ সভাপতি শাহীন আলম, গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি পলাশ আহম্মেদ, সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

এ সময় প্রধান অতিথি ও বিশেষ অতিথি বৃন্দ তাদের বক্তব্যে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কে কেন্দ্র করে প্রধান মন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন কার্যক্রম তুলে ধরে জনগনের কাছে শেখ হাসিনার জন্য নৌকা মার্কায় ভোট চেয়ে গাড়াবাড়ীয়া বাজারে স্লোগানে স্লোগানে মুখরিত করে তোলেন। সভাপতির বক্তব্যের মাধ্যমে সভার সমাপ্তি ঘটে।

মুজিবনগরে ইন্টারনেট পরিষেবা আম্বার আইটি এর অফিস উদ্বোধন

স্মার্ট বাংলাদেশ গঠনে স্বল্প খরচে ঘরে ঘরে ইন্টারনেট পরিষেবা পৌছিয়ে দেওয়ার লক্ষ্যে মুজিবনগরের দারিয়াপুরে ইন্টারনেট কোম্পানী আম্বার আইটির উপজেলা অফিসের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেলে আম্বার আইটি এর এজিএম হেড অফ রিটেইল মহসিন আলম এর সভাপতিত্বে অফিস উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতাকেটে অফিস এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের এক নম্বর ওয়ার্ড সদস্য ও প্যানেল চেয়ারম্যান আজিমুল বারী মুকুল,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সদস্য মি:বাবুল মল্লিক। আম্বার আইটি এর চ্যানেল পার্টনার সাংবাদিক ডালিম সানোয়ারের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, আম্বার আইটি এর কর্মকর্তা, কর্মচারি ও আম্বার আইটি এর গ্রাহক ও সুধিবৃন্দ।

এ সময় ইন্টারনেট কোম্পানি আম্বার আইটি এর পক্ষ থেকে প্রধান অতিথি ও বিশেষ অতিথি বৃন্দকে সম্মানসূচক ক্রেস্ট প্রদান করা হয়।

মেহেরপুরে স্ত্রীকে পিটিয়ে হত্যার অভিযোগ স্বামীর বিরুদ্ধে

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া নওদাপাড়া এলাকায় সিঁড়ি ঘরের আড়া থেকে গৃহবধু নাজমা খাতুনের ঝুলন্তা মরদেহ উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

২ সন্তানের জননী নাজমা খাতুন (৪৬) সদর উপজেলার ঝাউবাড়িয়ার গ্রামের হাফিজুল ইসলাম (তেলা)র স্ত্রী ও একই উপজেলার আলমপুর গ্রামের নাজিম উদ্দীনের মেয়ে। এই ঘটনার পর থেকেই স্বামী হাফিজুল ইসলামসহ তার বাড়ির লোকজন পলাতক রয়েছে।

আজ শনিবার (৫ আগষ্ট) ভোরবেলায় তার ঝুলন্ত মরদেহ তার বাড়ির সিঁড়ি ঘরের আড়া থেকে উদ্ধার করা হয়েছে।

খবর পেয়ে সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল মর্গে পাঠায়। এই ঘটনায় নাজমীন খাতুনের বড় ভাই মনিরুজ্জামান বাদি হয়ে মেহেরপুর সদর থানায় হত্যার অভিযোগ এনে একটি লিখিত অভিযোগ দিয়েছেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

হাফিজুল ইসলামের প্রতিবেশী সার ব্যবসায়ী মিয়ারুল ইসলাম বলেন, প্রায় দিনই হাফিজুল ইসলাম তার স্ত্রী নাজমীনকে মারধর করতো। এই ঘটনার আগের দিনে তার স্ত্রীকে বাঁশের লাঠি দিয়ে বেদম প্রহার করেছে বলে শুনতে পেরেছি। এর আগে কয়েক বার সে বাবার বাড়িতেও চলে গিয়েছিল। গ্রামের লোকজন স্ত্রীকে বুঝিয়ে বাবার বাড়ি থেকে আবার স্বামীর বাড়িতে নিয়ে এসেছে। প্রতিবেশী রেশেন্নারা খাতুন জানান, এই বাড়িতে গতকাল কোনো মারামারি হয়নি। পরশুদিন মেয়েটাকে মারধর করেছিলো তার স্বামী হাফিজুল ইসলাম। নাম প্রকাশে অনিচ্ছুক এক প্রতিবেশী নারী জানান, এতো পরিমান মারে বউটাকে। যেটা ভাষায় প্রকাশ করা যাবে না। তিনি বলেন আমাদেরও স্বামী সংসার আছে। এভাবে মারধর চোখে দেখা যায়না।

নিহত নাজমার ফুঁফু আসমা খাতুন বলেন, ২০ বছর আগে নাজমার বিয়ে হয়েছে। তার পর থেকেই তার স্বামী কারণে অকারনে নাজমার উপর অমানুষিক নির্যাতন করে। এর আগে একবার মাথায় আঘাত করে মাথা ফাটিয়ে দিয়েছেল। মেরে একবার হাত ভেঙ্গে দিয়েছে। তারপরেও নাজমা কিছু বলতে দেইনি। বলেছে, আমার দুটো ছেলে মেয়ে আছে ওদের মুখের দিকে তাকিয়ে সংসার করবো। আমাদের মেয়েটাকে পাষন্ড হত্যা করে আত্মহত্যার নাটক সাজিয়েছে। আমরা এই হত্যা মামলার সঠিক বিচার চাই। লাশের বদলে লাশ চাই।

নিহত নাজমার খালাতো বোন মমতাজ খাতুন বলেন, আমরা গিয়ে লাশ ঝুলতে দেখিনি। আমরা গিয়ে দেখি লাশ মাটিতে শোয়ানো রয়েছে। তার শোয়ার ঘরের মধ্যে দেয়ালে ছোপ ছোপ রক্তের দাগ, একটি রক্ত মাখা লুঙ্গি পড়ে আছে। যেখানে গলায় ফাঁস দেওয়ার কথা বলছে। সেখানে সামান্য উচু স্থান। ওখান থেকে কোনোভাবে ফাঁশ দেওয়া সম্ভব নয়। কারন পা বেধে যাবে। আমাদের ধারনা তাকে হত্যা করে লাশ ঝোলানো হয়েছে।

চাচাত ভাই নাইমুর রহমান বলেন, আমাদের বোন মারা গেছে। ওই পরিবার থেকে আমাদের ফোন দেওয়ার কথা। অথচ, প্রতিবেশীরা আমাদের বোন মরার খবর দিয়েছেন। ঘটনাস্থলে যাওয়ার আগেই তারা লাশ নিচে নামিয়ে রেখেছে। ঘরের যে সিঁড়ি বেয়ে তাকে নিয়ে যাওয়া হয়েছে প্রতিটি সিঁড়িতে রক্তের ছোপ ছোপ দাগ দেখা যাচ্ছে। ঘরের মধ্যে দেওয়ালের সাথে রক্তের প্রচুর ছোপ ছোপ দাগ রয়েছে।

আমাদের ধারনা আমাদের বোনকে পাষন্ড স্বামী নির্যাতনের পর হত্যা করে সিড়ি ঘরের সাথে ঝুলিয়ে রেখেছে। আমাদের বোনকে যেভাবে মেরেছে আমরা তার বিরুদ্ধে লিখিত অভিযোগ দিয়েছি। আমাদের দাবী তাকে ফাঁসির দড়িয়ে ঝুলিয়ে এই হত্যকান্ডের চরম বিচার হওয়া উচিৎ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, আমরা মরদেহ উদ্ধার করে লাশের সুরোতহাল রিপোর্ট করে মর্গে পাঠিয়েছি ময়না তদন্তের জন্য। ময়না তদন্ত রিপোর্ট এলেই বিষয়টি পরিস্কার হব।

মেহেরপুরে র্যাবের অভিযানে ৫০ বোতল ফেন্সিডিলসহ গ্রেফতার ২

র্যাপিড এ্যাকশন ব্যাটলিয়ান (র্যাব-১২) অভিযান চালিয়ে ৫০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক কারবারিকে গ্রেফতার করেছে। এসময় তাদের ব্যবহৃত একটি মোটরসাইকেল, একটি মোবাইল ফোন ও নগদ ১ হাজার টাকা উদ্ধার করেছেন।

গ্রেফতারকুতরা হলো, গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামের মৃত শামসুদ্দিন বিশ্বাসের ছেলে মোঃ শরিফুল বিশ্বাস(৩৮)ও একই গ্রামের
- মোঃ হেলাল বিশ্বাসের ছেলে মোঃ সবুজ বিশ্বাস(২৮)।

আজ শনিবার (৫ জুলাই) বেলা সাড়ে ১২ টার দিকে র্যাব-১২ এর একটি টিম র্যাব কমান্ডার সিপিসি মেহেরপুর এর সহকারী পুলিশ সুপার কমান্ডার মোঃ মনিরুজ্জামান জানান, সিপিসি-মেহেরপুর ক্যাম্পের একটি দল গাংনী উপজেলার রামদেবপুর এলাকায় অভিযান চালিয়ে করে ৫০ বোতল ফেন্সিডিলসহ এই ২ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে গ্রেফতারকৃত আসামীদের গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে জনতার হাতে দুই ছাগল চোর আটক; পুলিশে সোপর্দ

গাংনী উপজেলা চিতলা গ্রামে ছাগল চুরি করে নিয়ে যাওয়ার সময় জনতার হতে আটক৷ হয়েছে দামুড়হুদা থানার দশমী গ্রামের ফজলে হোসেন(৪০) ও বাঘাডাংগা গ্রামের লিটন হোসেন (৩৫)।

ফজলে হোসেন দশমী গ্রামের লুতফুর রহমানের ছেলে ও লিটন হোসেন বাঘাডাংগা গ্রামের তেতুল মন্ডলের ছেলে।

শনিবার দুপুরে তাদের গাংনী উপজেলার পাকুড়িয়া গ্রাম থেকে আটক করা হয়। আটক কৃতদের গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

পুলিশ জানায়, চিতলা গ্রামের আশরাফুল ইসলামের একটি খাশি ছাগল চুরি করে অটোরিকশায় নিয়ে যাওয়ার সময় স্থানীয়রা ধাওয়া করে। চোরের দল পাকুড়িয়া গ্রামে পৌঁছালে ছাগলমালিক তার ছাগল চিনতে পেরে তাদের আটক করে। এসময় ৫ জন চোর চক্রের মধ্যে অটোরিকশা ফেলে তিনজন পালিয়ে যায়। ফজলে হোসেন ও লিটনকে ধরে গণধোলাইয়ের পর গাংনী থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়।

গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুৃমার নন্দী জানান, ছাগল চুরির অপরাধে দুজনকে গাংনী থানায় সোপর্দ করেছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।